

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বরঃ- ৮০.১১২.০১১.০০.০০.০২১.২০১৬-৬১

তারিখ : ১৫.১১.২০১৬

বিষয় : বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগে ব্যাক্টেরিওলজিস্ট, রেডিওলজিস্ট এবং এনেসথেসিওলজিস্ট পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে বিপিএসসি ফরম-৩ জমা দান প্রসংগে।

গত ২৮.২.২০১৬ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগে ব্যাক্টেরিওলজিস্ট, রেডিওলজিস্ট এবং এনেসথেসিওলজিস্ট পদে সরাসরি পন্থায় নিয়োগের লক্ষ্যে অনলাইন-এ দরখাস্ত আহ্বান করা হয়। এ পরিপ্রেক্ষিতে যে সকল প্রার্থী অনলাইন-এ কর্ম কমিশনের বিপিএসসি ফরম-৫ পূরণ করে রেজিস্ট্রেশন করেছেন তাদেরকে বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র, অভিজ্ঞতার সনদপত্র, নম্বরপত্রের (গ্রেড/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি, তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি সহ আগামী ২৪.১১.২০১৬ তারিখের মধ্যে (প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা) পরিচালক (ইউনিট-১২), কক্ষ নং ১০৫(নীচতলা), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে কোন প্রার্থী বিপিএসসি ফরম-৩ জমা দিতে ব্যর্থ হলে তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন না অর্থাৎ তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৫.১১.২০১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)

নং ৮০.১১২.০১১.০০.০০.০০৯.২০১৬-৬১(২১)

তারিখ : ১৫.১১.২০১৬

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার) অত্র কমিশন সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, অত্র কমিশন সচিবালয় (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
- সচিব মহোদয়ের একান্ত সচিব(সচিব মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
- জনসংযোগ কর্মকর্তা, সরকারী কর্ম কমিশন সচিবালয়(বিজ্ঞপ্তিটি সকল সংবাদ মাধ্যমে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো)।
- বিজ্ঞ সদস্য-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩-এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
- অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা( অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।

(রওশন আরা জামান)  
পরিচালক (ইউনিট-১২)